

## একটি ছেলে একটি মেয়ে আর চাঁদের গল্প

মোহাম্মদ আবদুর রাযযাক

সেদিন ও আকাশে চাঁদ ছিল।  
ম্লান চাঁদ আরো ম্লান পান্ডুর জোৎস্নায়  
চুপি চুপি দেখছিল সে কিশোরী মেয়েটিকে-  
যার ছিল দুটি ভীরা লাজনত চোখ;  
আর তারই দুটি হাত ধরে অপলক বসে থাকা  
একটি ছেলের হাসি মুখ।

সেদিন ও আকাশে চাঁদ ছিল।  
সেই চাঁদ ম্লান নয়, উজ্জল পূর্ণিমা চাঁদ;  
সেই চাঁদ হাসছিল কিশোরী সে মেয়েটির  
মা হওয়ার সুখে -  
আলো তার পরেছিল ছেলেটির সুখী দুটি চোখে।

আজ আর আকাশে চাঁদ নেই;  
সে কোন আঁধারে হারিয়ে গেছে।  
সেদিনের সে কিশোরী, সেই মা'টি আজ আর নেই -  
কি জানি কি রোগে ভুগে জীবন হয়েছে তার শেষ;  
সন্তান কোলে নিয়ে তার পাশে বসে আছে সে ছেলেটি  
চোখ তার কান্না ভেজা, নির্বাক -  
সেই চোখে আলো নেই, নেই ভাবলেশ।

ইউনাইটেড এয়ারলাইন্স ফ্লাইট ৮৭০  
রাত ৯-৫০ মিনিট, ১৮/০৫/০৫